# মডেল টেস্ট—১০

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. কোন কাজটি দ্বারা ঈশ্বর বেশি সন্তুষ্ট হয় বলে তুমি মনে কর?
ক) দীর্ঘ সময় ধরে ধ্যান করা
খ) ক্ষুধার্ত মানুষকে খাবার দেওয়া
গ) বৃক্ষরোপণ করা
ঘ) ধর্মগ্রন্থ বেদ শুনা

২. তুমি পাঠ্যবই থেকে দরিদ্র ব্রাহ্মণের জীবসেবা সম্পর্কে পড়েছ। এ উপাখ্যানটি কোন ধর্মগ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
ক) বেদ খ) গীতা গ) মহাভারত ঘ) রামায়ণ

৩. পৃথিবীতে যখন ধর্মের গ্লানি হয় ও অধর্ম বেড়ে যায় তখন ঈশ্বর মানুষের মঙ্গল ও কল্যাণ সাধনে এগিয়ে আসেন। ঈশ্বর কিরূপে এ কাজটি করে থাকেন?
ক) ভগবানরূপে খ) ঈশ্বররূপে
গ) অবতাররূপে ঘ) দেব-দেবী রূপে

৪. তুমি ঈশ্বরের সাকার রূপের উপাসনা কর। তাঁর সাকার রূপ কোনটি?
ক) ভগবান খ) দেব-দেবী গ) গ্রহ ঘ) নক্ষত্র

৫. তোমার খুব ঘনিষ্ঠ বন্ধুর সাইকেল থেকে পড়ে পা ভেঙে গেছে। তার সুস্থতার জন্য তুমি কী করবে?
ক) বন্ধুরা সকলে মিলে তার জন্য সাহায্য চাইবে
খ) পিতার শরণাপন্ন হবে
গ) মাতার নিকট সাহায্য চাইবে
ঘ) ঈশ্বরের নিকট প্রার্থনা করবে

৬. তুমি নিজের অন্তরে ঈশ্বরকে অনুভব কর। তুমি কোন ধরনের ঈশ্বরের উপাসনায় বিশ্বাসী?
ক) নিরাকার ঈশ্বরের খ) সাকার ঈশ্বরের
গ) কল্যাণকর্তা ঈশ্বরের ঘ) পালনকর্তা ঈশ্বরের

৭. তোমার বাবা হঠাৎ করে খুব অসুস্থ হয়ে পড়েছেন। তার অসুস্থতা থেকে মুক্তির জন্য তুমি কী করবে?
ক) ঈশ্বরের নিকট প্রার্থনা করবে খ) বেদ পাঠ করবে
গ) সুখাসনে বসবে ঘ) মন্ত্র ও শ্লোক আবৃত্তি করবে

৮. ধ্যানের জন্য তোমার কোনটি বেশি প্রয়োজন?
ক) ধনসম্পদ অর্জন খ) বিখ্যাত হওয়া
গ) সম্পূর্ণ ভালো হওয়া ঘ) দায়িত্ব মুক্ত হওয়া

৯. হিন্দুধর্ম নির্দিষ্ট কোনো সময়ে একক কারো দ্বারা প্রবর্তিত নয়। এটি কাদের চিন্তার সমন্বিত বলে তুমি মনে কর?
ক) একাধিক দেবতার খ) একাধিক পুরোহিতের
গ) একাধিক দেবীর ঘ) একাধিক মুনি ঋষির

১০. তুমি সূর্যোদয়ের কিছু আগে ঘুম থেকে উঠে বিছানায় বসে পূর্ব বা উত্তরমুখী হয়ে ঈশ্বর বা দেব-দেবীর স্বরণ করে মন্ত্র পাঠ কর। তোমার এ ধরনের কর্মকে কী বলা যায়?
ক) নিত্য কর্ম খ) প্রাতঃকৃত্য
গ) মধ্যাহ্নকৃত ঘ) অপরাহ্নকৃত্য

http://teachingbd.com

১১. বেদের এক ভাগে যে মন্ত্রগুলো রয়েছে তা যজ্ঞের সময় উচ্চারণ করা হয়। উক্ত ভাগের নাম কী?
ক যজুর্বেদ সংহিতা
খ ঋগ্বেদ সংহিতা
গ অথর্ববেদ সংহিতা
ঘ সামবেদ সংহিতা

১২. বেদের একভাগে দেবতাদের স্তুতি ও প্রার্থনামূলক মন্ত্র রয়েছে যা পদ্যে রচিত এক ধরনের কবিতা। এ ভাগের নাম কী?
ক যজুর্বেদ সংহিতা
খ সামবেদ সংহিতা
গ অথর্ববেদ সংহিতা
ঘ ঋগ্বেদ সংহিতা

১৩. প্রত্যেক জীবের মধ্যে একজন বর্তমান। জগতের সবকিছুর মূলেও একজন। এখানে একজন বলতে কাকে বোঝানো হয়েছে?
ক ব্রহ্ম
খ বিষ্ণু
গ শিব
ঘ রাম

১৪. স্বামী প্রণবানন্দ কলকাতাকে নীতি ও ধর্মের পথে পরিচালনা করতে পরামর্শ দেন। তিনি কীভাবে এটি করতে পরামর্শ দিয়েছিলেন?
ক বিপ্লবী আদর্শে প্রতিষ্ঠিত হয়ে
খ সনাতন আদর্শে সংগঠিত হয়ে
গ আশ্রম গড়ে তোলে
ঘ বিদ্যালয় স্থাপন করে

১৫. মাদারীপুর ছিল বিপ্লবীদের একটি বিখ্যাত কেন্দ্র। এ অঞ্চলের নেতা কে ছিলেন?
ক বিপ্লবী পূর্ণদাস
খ বিপ্লবী সূর্যসেন
গ বিপ্লবী পুলীন বিহারী
ঘ বিপ্লবী ক্ষুদিরাম

১৬. স্বামী বিবেকানন্দ ধর্মে কর্মে আত্মনিবেদন দেখে মার্গারেটের একটি নতুন নাম দেন। সেই নামটি কী?
ক বিদেশিনী
খ নিবেদিতা
গ সাবিত্রী
ঘ গান্ধারী

১৭. তুমি একদিন রিকশায় যেতে যেতে দেখলে একটি ধর্মের অনুসারীরা বড়দিনের উৎসব পালন করছে। এরা কোন ধর্মের অনুসারী?
ক ইসলাম
খ খ্রিষ্টান
গ হিন্দু
ঘ বৌদ্ধ

১৮. তোমার বাবা সকল মত ও পথের মানুষকে সমতার দৃষ্টিতে দেখেন। তিনি কোনটি অনুসরণ করছেন?
ক অর্থনৈতিক সাম্য
খ ধর্মীয় সাম্য
গ রাজনৈতিক সাম্য
ঘ নৈতিক সাম্য

১৯. তুমি সমাজে সম্প্রীতি প্রতিষ্ঠা করতে চাও। এক্ষেত্রে তোমার কী করতে হবে?
ক সামাজিক সাম্য প্রতিষ্ঠা করতে হবে
খ রাজনৈতিক সাম্য প্রতিষ্ঠা করতে হবে
গ ধর্মীয় সাম্য প্রতিষ্ঠা করতে হবে
ঘ অর্থনৈতিক সাম্য প্রতিষ্ঠা করতে হবে

২০. আমরা গুরুজনকে ভক্তি করি, কারণ—
ক সমাজের মঙ্গল হয়
খ পৃথিবীর মঙ্গল হয়
গ ঈশ্বরকে ভক্তি করা হয়
ঘ পিতার নির্দেশ পালন করা হয়

২১. তোমাদের বাসায় তোমার দাদু খুবই অসুস্থ। তার সাথে তোমার ব্যবহার কেমন হওয়া উচিত?
ক শান্ত নরম গলায় কথা বলা উচিত
খ কর্কশ ভাষায় কথা বলা উচিত
গ ঠিক মতো খাবার না দেওয়া উচিত
ঘ তাকে সম্মান না জানানো উচিত

Teachingbd.com

২২. ক্লাসে সকলে একসঙ্গে টিফিন খাচ্ছ। কিন্তু তোমার এক বন্ধু টিফিন নিয়ে আসেনি। এমতাবস্থায় তুমি কী করবে?
ক) টিফিন খাব না
খ) বন্ধুকে দিয়ে খাব
গ) বন্ধুকে আড়াল করে খেয়ে নেব
ঘ) বন্ধুকে টিফিন নিয়ে আসতে বলব

২৩. পাণ্ডবেরা কৌরবদের নিকট থেকে বুদ্ধিবলে বেঁচে গিয়ে একটি নগরীতে বাস করতেন। এ নগরটির নাম কী?
ক) কালীধর্ম খ) একচক্রা গ) বৃন্দাবন ঘ) গয়াধাম

২৪. তুমি কীভাবে পরম আনন্দ লাভ করবে?
ক) পরের ক্ষতি করে খ) পরের উপকার করে
গ) মানুষকে হিংসা করে ঘ) কাউকে টাকা ধার দিয়ে

২৫. যোগাসন শরীর সুস্থ ও পবিত্র থাকার জন্য সহায়ক, কারণ—
ক) শাস্ত্রসম্মত খ) নিয়ম অনুসরণ
গ) স্বাস্থ্যসম্মত ঘ) গুরুর অধীনে চর্চা

২৬. তুমি নিয়মিত যোগব্যায়াম কর। এতে তোমার কোনটি বাড়বে?
ক) রোগ প্রতিষেধক ক্ষমতা খ) শ্রবণ শক্তি
গ) কোষ্ঠকাঠিন্য ঘ) রোগবালাই

২৭. তুমি ঈশ্বরের সঙ্গে যোগের জন্য শরীর ও মনকে প্রস্তুত করতে চাও। এক্ষেত্রে তুমি কোনটি করবে?
ক) যোগব্যায়াম খ) উপবাস
গ) পরিমিত আহার ঘ) যোগাসন

২৮. তুমি নিয়মিত সর্বাঙ্গাসন অনুশীলন কর। এ আসনটি করার পরে তুমি কী করবে?
ক) ত্রিশ সেকেন্ড শবাসন করবে খ) চল্লিশ সেকেন্ড শবাসন করবে
গ) পঞ্চাশ সেকেন্ড শবাসন করবে ঘ) ষাট সেকেন্ড শবাসন করবে

২৯. নিয়মিত আসন অনুশীলনে আমাদের মন—
ক) শান্ত হয় খ) উন্নত হয়
গ) উত্তেজিত হয় ঘ) ক্লান্ত হয়

৩০. তুমি শরীর ও মনকে সুস্থ রাখতে চাও। এজন্য তুমি নিয়মিত কী করবে?
ক) বজ্রাসন খ) আসন
গ) শবাসন ঘ) পদহস্তাসন

৩১. তোমার বড় ভাই দেশের শত্রুর বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়তে দ্বিধাবোধ করেন না। তাকে আমরা কী বলে আখ্যায়িত করতে পারি?
ক) মানবদরদি খ) দানশীল
গ) দেশপ্রেমিক ঘ) মহৎ

৩২. প্রাচীনকালে সৌবীর নামক একটি রাজ্য ছিল। এ রাজ্যের রানি কে ছিলেন?
ক) বিদুলা খ) গার্গী গ) গান্ধারী ঘ) সাবিত্রী

৩৩. তুমি কীভাবে দেশপ্রেমিক হবে?
ক) যুদ্ধ করে খ) দেশের শত্রুকে হত্যা করে
গ) দেশকে ভালোবেসে ঘ) পূজা-অর্চনা করে

৩৪. হিন্দুদের একটি ধর্মীয় উৎসব যাকে দুর্গাপূজার আগমনী উৎসব বলা হয়। উক্ত উৎসবের নাম কী?
ক) দোলযাত্রা খ) মহালয়া
গ) চৈত্রসংক্রান্তি ঘ) দেবীপক্ষ

Teachingbd.com

৩৫. গীতা পুণ্য অর্জনের জন্য বিভিন্ন মন্দির ও সাধু-সন্ন্যাসীদের আশ্রমে ঘুরে বেড়ায়। উক্ত মন্দির ও সাধু-সন্ন্যাসীদের আশ্রমকে কী বলে?
ক তীর্থক্ষেত্র খ পুণ্যক্ষেত্র গ ধর্মক্ষেত্র ঘ কুরুক্ষেত্র

৩৬. ব্রাহ্মণপত্নী ছাতু কয়ভাগে ভাগ করেন?
ক দুই ভাগে খ তিন ভাগে গ চার ভাগে ঘ পাঁচ ভাগে

৩৭. 'জীবে প্রেম করে যেইজন, সেইজন সেবিছে ঈশ্বর।'– কথাটি কে বলেছেন?
ক শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব খ স্বামী বিবেকানন্দ
গ স্বামী লোকনাথানন্দ ঘ স্বামী পূর্ণানন্দ

৩৮. জগদ্ধাত্রী নামে পূজিত হন দেবী–
ক দুর্গা খ মনসা গ কালী ঘ শিব

৩৯. প্রতিমা ও অবতার কাদের রূপ ধারণ করে পৃথিবীতে আগমন করেন?
ক দানবের খ দৈত্যের গ দেব-দেবীর ঘ সিংহের

৪০. আত্মার নতুন দেহ ধারণ করাকে কী বলে?
ক জন্মান্তর খ নবজন্ম গ ইহজন্ম ঘ পরজন্ম

৪১. ঋগ্‌বেদের বৈশিষ্ট্য কোনটি?
ক গদ্যে রচিত স্তুতি ও প্রার্থনামূলক মন্ত্র
খ পদ্যে রচিত স্তুতি ও প্রার্থনামূলক মন্ত্র
গ চিকিৎসাবিজ্ঞান ও বাস্তুবিদ্যা সম্পর্কে রচিত
ঘ দেব-দেবীর উপাখ্যান সম্পর্কে রচিত

৪২. মার্গারেট শিক্ষার্থী হিসেবে কেমন ছিলেন?
ক সাধারণ খ ভালো
গ প্রতিভার অধিকারিণী ঘ ভালো নয়

৪৩. ভগবান শ্রীকৃষ্ণ অবতাররূপে কোথায় অবতীর্ণ হন?
ক বৃন্দাবনে খ মথুরায়
গ গয়ায় ঘ পুরীতে

৪৪. অহিংসা কেমন গুণ?
ক ছোট খ বড় গ মহৎ ঘ খারাপ

৪৫. সাধনার প্রথম সোপান কী?
ক লোভ খ ক্রোধ গ হিংসা ঘ সংযম

৪৬. কীভাবে অবাঞ্ছনীয় চিন্তাকে দূরে রাখা যায়?
ক বেশি ঘুমিয়ে থেকে খ আসন অনুশীলনের দ্বারা
গ পূজা-অর্চনা করে ঘ খেলাধুলা করে

৪৭. মানুষ যে দেশে বাস করে সে দেশকে ভালোবাসা হলো–
ক প্রতিজ্ঞা রক্ষা খ নিয়মানুবর্তিতা
গ অধ্যবসায় ঘ দেশপ্রেম

৪৮. মহালয়া উপলক্ষে কিসের আয়োজন করা হয়?
ক হোলি খেলার খ পুণ্যস্নানের
গ কুঁড়েঘর পোড়ানোর ঘ সংগীতানুষ্ঠানের

৪৯. দোল উৎসবে যে ঘরটি পোড়ানো হয় তার নাম কী?
ক ঠাকুরমার ঘর খ বসত ঘর
গ দোকান ঘর ঘ বুড়ির ঘর

৫০. ধ্রুব কীভাবে শ্রীহরিকে পেল?
ক বনে এসে খ বাড়ি ছেড়ে
গ একাগ্রচিত্তে ডেকে ঘ উপোস করে

Teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) আমরা কেন ঈশ্বর বা দেব-দেবীর স্তব করব?
(খ) বিনোদ গয়াধামে পিণ্ড দিতে যান একজনের আদেশে। তিনি কে?
(গ) কোষ্ঠকাঠিন্য দূর করতে তুমি কী করবে?
(ঘ) তুমি কী উপায়ে থাইরয়েড ও স্নায়ুমণ্ডলী সতেজ রাখবে?
(ঙ) শ্যামল দাস একজন পুণ্যবান মানুষ তার কীভাবে স্বর্গলাভ ঘটবে?
(চ) আমাদের কে সৃষ্টি করেছেন?
(ছ) উপাসনা শব্দের অর্থ কী?
(জ) 'হিন্দু' শব্দের উৎপত্তি কাদের দ্বারা হয়েছে?
(ঝ) গীতার পুরো নাম কী?
(ঞ) স্বামী প্রণবানন্দ কোন বিষয়কে সর্বদা ঘৃণা করতেন?
(ট) শিশুপাল কোন দেশের রাজা ছিলেন? তিনি কেমন লোক ছিলেন?
(ঠ) কোন মহৎ গুণের মাধ্যমে পরস্পরের প্রতি সহানুভূতি সৃষ্টি হয়?
(ড) স্বাস্থ্যরক্ষা সম্পর্কে ধর্মে কী বলা হয়েছে?
(ঢ) গোমুখাসনের সময় দুহাত কোথায় অবস্থান করে?
(ণ) কান্তজি মন্দির কোন জেলায় অবস্থিত?

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো ৭টি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭ = ৩৫

(ক) তুমি হিন্দুধর্মের অনুসারী। তুমি প্রতিদিন সকাল, দুপুর ও সন্ধ্যায় ঈশ্বরের নিকট প্রার্থনা কর। তোমার এ প্রার্থনাকে কী বলা হয়? এ কাজটি কীভাবে করতে হয় তা চারটি বাক্যে লেখ। ১+৪=৫

(খ) হিন্দুধর্মের একটি প্রধান ধর্মগ্রন্থ রয়েছে। যা ঈশ্বরের বাণী। বিভিন্ন মুনি-ঋষি এই বাণীসমূহ দর্শন করেছেন। এখানে কোন ধর্মগ্রন্থের কথা বলা হয়েছে। ধর্মগ্রন্থটি কয়টি ভাগে বিভক্ত? এ ধর্মগ্রন্থের তিনটি ভাগ সম্পর্কে লেখ। ১+১+৩=৫

(গ) ১৮৩৭ খ্রিষ্টাব্দে ইউরোপের আয়ারল্যান্ডে একজন মহীয়সী নারীর জন্ম হয়। যিনি স্বামী বিবেকানন্দের শিষ্যত্ব গ্রহণ করেন। এই মহীয়সী নারীর নাম কী? তার বাল্যকাল সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫

(ঘ) স্বাস্থ্যরক্ষার পরে আমাদের ধর্মসাধনা করতে হবে। স্বাস্থ্যরক্ষা বলতে কী বোঝ? তুমি কীভাবে স্বাস্থ্যরক্ষা করবে চারটি বাক্যে লেখ। ১+৪=৫

(ঙ) তুমি হিন্দু ধর্মের অনুসারী। বাংলা বছরের শেষ দিনে তুমি একটি উৎসব উদ্‌যাপন কর। উক্ত উৎসবের নাম কী? উক্ত উৎসবের চারটি আনুষ্ঠানিকতার নাম লেখ। ১+৪=৫

(চ) প্রার্থনার প্রয়োজনীয়তা সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(ছ) বিবেকানন্দের সঙ্গে মার্গারেটের সাক্ষাৎ হয় কখন এবং কীভাবে হয়েছিল পাঁচটি বাক্যে লেখ। ৫

(জ) উপবাসের উপকারিতা সম্পর্কে পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঝ) দেশপ্রেমের গুরুত্ব পাঁচটি বাক্যে বর্ণনা কর। ৫

(ঞ) 'চৈত্রসংক্রান্তির অনুষ্ঠান কেবল ধর্মীয় অনুষ্ঠান নয়, তা সকলের এক মিলন মেলা'– কীভাবে? পাঁচটি বাক্যে বুঝিয়ে দাও। ৫

http://teachingbd.com

# মডেল টেস্ট - ১০এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓪খ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ |
| ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | খ |
| ১৯ | গ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ক |
| ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | গ |
| ৩৭ | খ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ক | ৪১ | খ | ৪২ | গ | ৪৩ | খ | ৪৪ | গ | ৪৫ | ঘ |
| ৪৬ | খ | ৪৭ | ঘ | ৪৮ | ঘ | ৪৯ | ঘ | ৫০ | গ | | | | | | | | |

২। (ক) ঈশ্বর বা দেব-দেবীদের খুশি করার নিমিত্তে আমাদের সার্বিক কল্যাণ এবং পবিত্র মনে ঈশ্বরে অনুভূতি জাগ্রত করার জন্য আমরা স্তব করব।

(খ) তিনি হলেন মা সারদা দেবী।

(গ) আমি কোষ্ঠকাঠিন্য দূর করতে যোগব্যায়াম অনুশীলন করবো।

(ঘ) আমি সর্বাঙ্গাসন করার মাধ্যমে থাইরয়েড ও স্নায়ুমণ্ডলী সতেজ রাখবো।

(ঙ) যজ্ঞের ফলে শ্যামল দাস পুণ্য অর্জন করে এবং তাতে তাঁর স্বর্গলাভ ঘটবে।

(চ) আমাদের সৃষ্টি করেছেন ঈশ্বর।

(ছ) উপাসনা শব্দের অর্থ ঈশ্বরকে স্মরণ করা।

(জ) হিন্দু শব্দের উৎপত্তি পারসিকদের দ্বারা হয়েছে।

(ঝ) গীতার পুরো নাম হচ্ছে শ্রীমদ্‌ভগবদ্‌গীতা।

(ঞ) স্বামী প্রণবানন্দ অস্পৃশ্যতাকে সর্বদা ঘৃণা করতেন।

(ট) শিশুপাল চেদি নামক এক দেশের রাজা ছিলেন। তিনি খুব দুষ্ট প্রকৃতির রাজা ছিলেন।

(ঠ) পরোপকার নামক মহৎগুণের মাধ্যমে পরস্পরের প্রতি সহানুভূতি সৃষ্টি হয়।

(ড) স্বাস্থ্যরক্ষা সম্পর্কে ধর্মে 'শরীরম্ আদ্যং খলু ধর্মসাধনম্' বলা হয়েছে।

(ঢ) গোমুখাসনের সময় দুহাত শরীরের পিছন দিকে পিঠের সাথে অবস্থান করে।

(ণ) কান্তজি মন্দির দিনাজপুর জেলায় অবস্থিত।

http://teachingbd.com